

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রকল্প বাস্তবায়ন -১ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সংসদের অনুমিত হিসাব সম্পর্কিত কমিটির ১৪তম বৈঠকের কার্যবিবরণী ১০ (১) (গ) সিদ্ধান্ত মোতাবেক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন প্রকল্পের কাজ সুষ্ঠু তদারকি ও ত্বরান্বিত করার বিষয়ে গঠিত টাস্কফোর্স কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা, অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ।

স্থান : মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষ (ভবন নং-৩, কক্ষ নং-৩৩৮)।

তারিখ : ২০/০৩/২০১৮

সময় : সকাল ১১.০০ টা।

সভায় অংশগ্রহণকারী সদস্যগণের তালিকা: পরিশিষ্ট- 'ক'

১. শুরুতেই উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। অতঃপর পরিচিতি পর্ব শেষে ২৬টি উন্নয়ন প্রকল্প ও ১৯ টি অপারেশনাল প্লানের অগ্রগতি, নির্মাণ ও মেরামত, অর্থ ছাড়ের অগ্রগতি ও প্রকল্প/অপারেশনাল প্লানের বাস্তবায়ন সমস্যা/টাগেট বিষয়ে সভাপতি মহোদয় আলোকপাত করেন। জনাব মোঃ হজুর আলী, উপপ্রধান (পরিকল্পনা) জানান ফেব্রুয়ারী ২০১৮ পর্যন্ত এডিপি বাস্তবায়নের অগ্রগতি স্বাস্থ্য সেবা বিভাগের ২৭.৮৮%, যা মন্ত্রণালয়/বিভাগসমূহের গড় বাস্তবায়ন অগ্রগতির চেয়ে কম। সভাপতি মহোদয় এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন এবং মন্ত্রণালয়/বিভাগসমূহের গড় বাস্তবায়ন অগ্রগতি হারের ন্যূনতম সমপর্যায়ে পৌঁছানোর জন্য সম্মিলিতভাবে সকলকে এডিপি বাস্তবায়নে মনোনিবেশ করার আহ্বান জানান।

২. স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জনাব আবুল কাইয়ুম খান, নির্বাহী প্রকৌশলী জানান, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বাস্তবায়নযোগ্য সকল প্রকল্প/কার্যক্রমের টেন্ডার আহ্বান প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। সুতরাং স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চলমান অর্থ বছরের শেষ নাগাদ শতভাগ ব্যয় ও টাগেট সম্পন্ন করতে সক্ষম হবে মর্মে আশা করা যায়। সভাপতি মহোদয় বলেন, অর্থ বছরের শেষের দিকে প্রকল্প/কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে গিয়ে কাজের মান নিয়ে প্রশ্ন ওঠে। এছাড়া ভৌত অগ্রগতির হার বাড়িয়ে উপস্থাপনার প্রবণতা লক্ষ্য করা যায়। যথাসময়ে ভৌত অবকাঠামো নির্মাণ কার্যক্রম শুরু ও সময়ভিত্তিক বাস্তবায়নের ক্ষেত্রে Distance Monitoring এর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এক্ষেত্রে সপ্তাহে এক/দুই বার টেলিফোনে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কিংবা নির্বাহী প্রকৌশলী পর্যায়ে কাজের অগ্রগতি বিষয়ে আলাপ করা যেতে পারে। এছাড়া, সরেজমিনে জেলা/উপজেলা পর্যায়ে মন্ত্রণালয়/অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত পরিদর্শন প্রকল্পের দ্রুত ও মানসম্পন্ন সফল বাস্তবায়নে কার্যকরী ভূমিকা রাখবে বলে তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন।

৩. সভাপতি মহোদয় বলেন, লাইন ডাইরেক্টর/প্রকল্প পরিচালকগণকে নিয়ে এক দিনের ওরিয়েন্টেশন সভা আহ্বান করা দরকার। এক্ষেত্রে প্রজেক্ট ম্যানেজার, ডেপুটি প্রজেক্ট ম্যানেজার ও একাউন্টেন্টদেরকে অন্তর্ভুক্ত করা যেতে পারে। নূরুন নাহার, সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য সেবা বিভাগ বলেন, অপারেশনাল প্লানের শুরুতে ওরিয়েন্টেশন সভার আয়োজন করা হয়েছে। তবে যেহেতু, বিভিন্ন কার্যক্রম ও প্রকল্পে নিয়মিত জনবলের বদলী/অবসরজনিত শূন্যতার কারণে নতুন নতুন জনবলের নিয়োগ হয়ে থাকে। সেহেতু, প্রতি ৬ মাস অন্তর অন্তর ১/২ দিন ব্যাপী প্রকল্প/অপারেশনাল প্লান সংশ্লিষ্ট জনবলের প্রশিক্ষণ/ওরিয়েন্টেশন সভার আয়োজন করা যেতে পারে।

৪. গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি জনাব মোহাম্মদ মাহফুজুল আলম, নির্বাহী প্রকৌশলী জানান, ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট অপারেশনাল প্লানের আওতায় গণপূর্ত অধিদপ্তরের অধীন বাস্তবায়ন কার্যক্রম যথারীতি চলমান আছে। জুন'১৮ নাগাদ এডিপির প্রায় শতভাগ বাস্তবায়ন হবে মর্মে আশা করা যায়।

৫. বিবিধ আলোচনায় সভাপতি মহোদয় বলেন, নির্মাণ অধিশাখা ও সমন্বয় অধিশাখা হতে মনিটরিং এর নিমিত্ত কমিটি গঠন করা হয়েছে। তদুপরি কর্মকর্তাবৃন্দকে এককভাবেও মনিটরিং এর দায়িত্ব প্রদান করা হয়েছে। স্বাস্থ্য সেবা বিভাগের অবশিষ্ট কর্মকর্তাদেরকেও গুরুত্ব ও কার্যক্রমের পরিমাণ বিবেচনায় মনিটরিং এর নিমিত্ত এক বা একাধিক জেলার দায়িত্ব প্রদান করা যেতে পারে।

৬. বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক. মন্ত্রণালয় এবং অধিদপ্তর/দপ্তরের কর্মকর্তাবৃন্দকে জেলা/উপজেলা পর্যায়ে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ভৌত অগ্রগতি পরিদর্শনে নিয়মিতভাবে গমন করতে হবে;

খ. মন্ত্রণালয়ের ও অধিদপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পিডি, জেলা এবং বিভাগীয় পর্যায়ের কর্মকর্তাদের সাথে টেলিফোনে সপ্তাহে ১/২ বার অগ্রগতি বিষয়ে Distance Monitoring করতে হবে;

গ. সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নকে অগ্রাধিকার দিতে হবে;

ঘ. ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (PFD) OP'র সফল বাস্তবায়নের উপর স্বাস্থ্য সেবা বিভাগের অপারেশনাল প্লানসমূহের এডিপি বাস্তবায়ন পারফরমেন্স অনেকাংশে নির্ভরশীল বিধায় পিএফডি ওপি'র শতভাগ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে;

ঙ. পরিকল্পনা অনুবিভাগ কর্তৃক অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে যাবতীয় রিপোর্টের একটি করে কপি প্রেরণ করতে হবে;

চ. স্বাস্থ্য সেবা বিভাগের অবশিষ্ট কর্মকর্তাদেরকে গুরুত্ব ও কার্যক্রমের পরিমাণ বিবেচনায় এক বা একাধিক জেলার দায়িত্ব প্রদান করা যেতে পারে;

ছ. প্রকল্প/অপারেশনাল প্লানে কর্মরত পিডি/এলডি, পিএম, ডিপিএম, একাউন্টেন্টসহ কর্মরত জনবলকে প্রতি ৬ মাস অন্তর অন্তর ১/২ দিনে ওরিয়েন্টেশন ট্রেনিং প্রদান করতে হবে;

জ. উপসচিব (কাউন্সিল ও মনিটরিং) কে এ কমিটিতে কো-অপট করা হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাঃ

(বাবলু কুমার সাহা)  
অতিরিক্ত সচিব (উন্নয়ন)

ও

সভাপতি


স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন বিভিন্ন প্রকল্পের কাজ  
সুষ্ঠু তদারকি ও অরাস্থিত করার বিষয়ে গঠিত টাস্কফোর্স  
কমিটি।

সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। যুগ্মসচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। উপসচিব (প্রকল্প বাস্তবায়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। উপসচিব (নির্মাণ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। উপসচিব (কাউন্সিল ও মনিটরিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপপ্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃ: আ:-জনাব ডা: শের মোস্তফা সাদীক খান, উপপরিচালক- পরিকল্পনা ও গবেষণা)।
- ৭। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা (দৃ:আ:- জনাব মোহাম্মদ মাহফুজুল আলম, নির্বাহী প্রকৌশলী)।
- ৮। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা (দৃ: আ:- জনাব আবুল কাইয়ুম খান, নির্বাহী প্রকৌশলী)।
- ৯। অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

সদয় অবগতি :

- ১। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ২। যুগ্মসচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

  
(মোহাম্মদ নাসির উদ্দীন)

উপসচিব

ফোন : ৯৫৪৯৫৫৩